দৈনিক সংবাদ

তারিখ 20 NOV 1993
পৃষ্ঠা … কলাম …

# ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠানে বিসিএস শিক্ষা সমিতির ৮ দফা সুপারিশ

আসন্ন ডিগ্রী পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য বিসিএস সাধারণ শিক্ষা সমিতি সরকারের নিকট ৮ দফা সুপারিশমালা পেশ করেছে। শিক্ষামন্ত্রীর বরাবরে লিখিত এই সুপারিশমালার মধ্যে রয়েছে প্রধান শহরগুলোতে পরীক্ষার্থীদের নিজস্ব কলেজের পরিবর্তে অন্য কলেজে পরীক্ষা দানের ব্যবস্থা করা, ম্যাজিস্ট্রেটের নিয়ন্ত্রণে পরীক্ষা কেন্দ্রে পুলিশ/বিডিআর কর্তৃক আইন-শৃংখলা বজায় রাখা ও জারিকৃত ১৪৪ ধারা কার্যকর রাখা, কেন্দ্রে প্রবেশের সময় ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে পরীক্ষার্থীদের দেহ তল্লাশি করে অবাঞ্ছিত কাগজপত্রাদি রেখে দেয়া, পরীক্ষার সময় কলেজ ছাত্র সংসদ কার্যালয় এবং কর্মকান্ড বন্ধ রাখা এবং পরীক্ষার্থী নয়, এমন কোন ছাত্রনেতাকে কেন্দ্রে প্রবেশ করতে না দেয়া, কেন্দ্রসমূহ পরিদর্শনের জন্য ৪/৫ জন শিক্ষক নিয়ে ভিজিলেন্স টিম গঠন করা, শিক্ষকদের নিষ্ঠা ও সততার সাথে দায়িত্ব পালন করা, কোন সংশ্লিষ্ট শিক্ষক দায়িত্ব পালনে শৈথিল্য বা অবহেলা প্রদর্শন করলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া এবং ভিজিলেন্স টিমের যাতায়াতের জন্য গাড়ি, থাকা-খাওয়া ও নিরাপত্তার ব্যবস্থা করা।

শিক্ষা মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত বিভিন্ন শিক্ষক সংগঠনসমূহের সভায় সুশৃংখল ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা গ্রহণ বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। এছাড়া এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফল তৈরিতে কম্পিউটার পদ্ধতি প্রচলন; শিক্ষা পাঠ্যক্রম, কর্মসূচী শিক্ষা, ভৌত সুযোগ-সুবিধা বৃদ্ধি, শিক্ষা ব্যবস্থাপনা প্রভৃতি বিষয়ে মতবিনিময় করা হয়। সমিতির পক্ষ থেকে সভায় উপস্থিত ছিলেন সভাপতি ডঃ কিউএটিএম হাবিবুর রহমান, মহা-সচিব মোঃ আবু ইউসুফ, কোষাধ্যক্ষ এনায়েত হোসেন মিঞা এবং সাংগঠনিক কমিটির সদস্য হারাধন গাঙ্গুলী। খবর প্রেস বিজ্ঞপ্তির।